

সিএসএসআর প্রকল্পের সাথে সম্পর্কিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) দাখিল বিষয়ক বিবরণ:

বাংলাদেশ কোভিড-১৯ স্কুল সেক্টর রেসপন্স (সিএসএসআর) প্রকল্প বাস্তবায়নে পরিবেশ ও সামাজিক সুরক্ষা বিষয়ক নির্দেশিকাসমূহ অনুসরণের ক্ষেত্রে প্রকল্পভুক্ত সকল বিদ্যালয় ও এ সংশ্লিষ্ট সকলকে তাদের স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা ব্যবস্থাকে সর্বোচ্চ অগ্রাধিকারের সহিত বিবেচনা করে সকল পরিকল্পনা গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো। Grievance Redress Mechanism (GRM) অর্থাৎ অভিযোগ প্রতিকার ব্যবস্থার আওতায় প্রকল্প কার্যক্রম বিষয়ক সকল প্রকার অভিযোগ দাখিল করার বিষয়টি অংশীজনদের জন্য উন্মুক্ত রাখা হয়েছে।

দালিখকৃত অভিযোগের গ্রহণযোগ্যতার ধরণ:

একটি অভিযোগ জিআরএম কর্তৃক তখনই গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে যখন

- অভিযোগটি সিএসএসআর প্রকল্প সংশ্লিষ্ট হবে।
- অভিযোগটি যথাযথ ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক উপস্থাপিত হবে।
- প্রকল্পের বিরূপ প্রভাব অভিযোগপত্রে পরিস্কারভাবে সন্নিবেশিত থাকবে।
- অভিযোগকারী ব্যক্তি বা ব্যক্তিগণের পরিচয় সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে।
- প্রকল্প দ্বারা সরাসরি প্রভাবিত ব্যক্তির বা ব্যক্তিগণের প্রতিনিধি দ্বারা অভিযোগটি উপস্থাপিত হয়েছে কিনা তার বিবরণ উল্লেখ থাকবে।

অভিযোগ দাখিল প্রক্রিয়া:

অভিযোগ লিখিত আকারে আবশ্যিকভাবে ইমেইলে, রেজিটার্ড ডাকযোগে কিংবা সরাসরি নিম্নলিখিত ঠিকানায় পৌঁছাতে হবে।

প্রকল্প পরিচালক,
বাংলাদেশ কোভিড-১৯ স্কুল সেক্টর রেসপন্স (সিএসএসআর) প্রকল্প,
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
ই-মেইল pdcssrdpe@gmail.com

জিআরএম বিষয়ক অতিরিক্ত তথ্যাবলিঃ

- সকল প্রকার অভিযোগ কঠোরভাবে গোপনীয়তার সাথে মোকাবেলা করা হবে।
- অভিযোগকারীর অনুমোদন ব্যতিত কোন ব্যক্তিগত তথ্য প্রকাশ করা হবে না।
- প্রয়োজনীয় প্রমাণক অভিযোগ প্রমাণে সহায়ক হিসেবে বিবেচিত হবে (আবশ্যিক নয়)।
- অভিযোগকারী তার উপস্থাপিত অভিযোগপত্রে তা সমাধানের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে পারবেন।